

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতি, অক্টোবর ৭, ১৯৯৮

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অর্থ মন্ত্রণালয়

অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

জাতীয় রাজস্ব বোর্ড।

(শুল্ক)

প্রজ্ঞাপন

ঢাকা, ১৫ই আশ্বিন ১৪০৫ বাং/০০শে সেপ্টেম্বর ১৯৯৮ ইং

এস. আর. ও, নং ২১০-আইন/৯৮/১৭৫৭/শুল্ক—Customs Act, 1969 (IV of 1969) এর section 10 এ প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় রাজস্ব বোর্ড উহার ২০শে জুন, ১৯৮৭ ইংরেজী তারিখের প্রজ্ঞাপন নং এস, আর, ও ১০২-আইন/৮৭/১০৭৫/শুল্ক এর নিম্নরূপ সংশোধন করিল, যথাঃ—

উপরি-উক্ত প্রজ্ঞাপনের অনূচ্ছেদ (খ) এর পরিবর্তে নিম্নরূপ অনূচ্ছেদ (খ) প্রতিস্থাপিত হইবে, যথাঃ—

"(খ) section 10 এ প্রদত্ত ক্ষমতাবলে নিম্নরূপে উক্ত কাস্টমস স্টেশনের সীমানা নির্ধারণ করিল, যথাঃ—

(অ) উত্তরে কমলাপুর রেলওয়ে প্রশাসন ভবন, দক্ষিণে রেলওয়ে স্টাফ কোয়ার্টার, পূর্বে ঢাকা-নারায়ণগঞ্জ রেললাইন এবং পশ্চিমে সাহারা বাটন ইন্ডাস্ট্রি ও দক্ষিণ কমলাপুর রোড;

(৮৭৬৫)

মূল্যঃ টাকা ১.০০

- (আ) উত্তরে জি আর পি ব্যারাক, দক্ষিণে মৃগদা-কমলাপুর সংযোগ সড়ক (ডাই-ভারশন রোড), পূর্বে সাইদাবাদ-মালিবাগ রোড (বিশ্বরোড) এবং পশ্চিমে কমলাপুর স্টেশন ও ঢাকা-নারায়ণগঞ্জ রেললাইন;
- (ই) উল্লিখিত সীমানার অন্তর্ভুক্ত কাস্টমস স্টেশন পৃথক পৃথকভাবে সুরক্ষা প্রাচীর দ্বারা পরিবেষ্টিত।"

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে,

মোহাম্মদ শাহাব উদ্দীন

প্রথম সচিব (শুল্ক)।